40Rs.

INDIA

FORTY RUPEES

40Rs

Duly Stamped ( Exempted from stamp duty or does not require stamp duty ) under the Indian Stamp Act 1899 as amended in 1964. Schedule 1 No = 1a

No. 45

WEST BENGAL

Fee Paid

Registrar U/S 7 (1)
Alipore, 24-Parganas
11.10.74

ডিড অব পার্টিশান

বা

বন্টননামা দলিল

- - - - - - -

শ্রী বলাই চন্দ্র দাস পিতা ৺ নগেন্দ্র নাথ দাস
জাতি হিন্দু, পেশা ব্যবসা
সাকিন হোল্ডিং নং ৩৬ এস. বি. দাস রোড,
রাজপুর, থানা সোনারপুর, জেলা ২৪ পরগণা ... প্রথম পক্ষ

শ্রী কানাই লাল দাস পিতা ৺ নগেন্দ্র নাথ দাস
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাকিন হোল্ডিং নং ৩৬ এস্ বি দাস রোড রাজপুর
থানা সোনারপুর, জেলা ২৪ পরগণা ... দ্বিতীয় পক্ষ

কস্য ডিড অব পার্টিশান বা বন্টননামা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

Presented for Registration at 11.15 A.M./P.M. on 11th Day of Oct. 1974 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Balai Ch. Das Executant / Claimant or one of the Executants / Claimants Attorney for Executant / Claimant under a power of attorney No.

Registrar U/S 7 (II)
Alipore, 24 Perganas
11.10.74


(1) Balai Ch.
(2) Ratan Lal Das.
Son of
wife
of
Thana
District
By Caste
By profession

22315

22316


Son / Wife / Daughter of
of
Thana
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession

Registrar U/S 7 (II)






জেলা ২৪ পরগণার অন্তর্গত সাবরেজেষ্ট্রী ও থানা সোনারপুরের এলাকাধীন ২৫১ নং তৌজি ডিঃ পরগনে মেদনমল্ল জে এল নং ৫৫ বোঁয়া রাজপুর গ্রামে হাল রিভিসন্যাল সেটেলমেন্টে ২৭৪৩ নং খতিয়ানের ৫৯১ নং দাগের •৪৬ শতক জমির ।।০ আনা রকম অংশে ২৩ শতক ও ২৭৪৪ নং খতিয়ানের ৫৯১ নং দাগের •৪৬ শতক জমির ।।০ আট আনা রকম অংশে •২৩ শতক বাস্তু জমি জীর্ণ ও পুরাতন ভিটা ও তৎ সংলগ্ন খিড়কির পুকুর সমেত মোট ৪৬ শতক যাহা যাহা প্রথম ও দ্বিতীয় পক্ষের নামে যথাক্রমে রেকর্ড হইয়াছে এবং যাহা নিম্নের 'ক' তপশীলে বিশদরূপে বর্ণিত হইল উক্ত সম্পত্তি পক্ষগণ আমাদের পিতা ঁ নগেন্দ্র নাথ দাস মহাশয়ের স্বত্ব দখলী সম্পত্তি থাকে। তৎপরে উক্ত নগেন্দ্র নাথ দাস গত সন ১৯৪৩ সনের ১৭ই জুন তারিখে পরলোকগমন করিলে অত্র দলিল সম্পাদনকারী পক্ষগণ আমরা তাঁহার ওয়ারিশান সূত্রে উক্ত ও নিম্নের 'ক' তপশীল বর্ণিত সম্পত্তি অন্যের বিনা সত্ত্বে ও বিরুদ্ধ স্বত্বে উক্ত সন ১৯৪৩ সাল হইতে নিষ্কণ্টক স্বত্বের মালিক দখলীকার রূপে এযাবৎ ভোগবান ও দখলীকার আছি। এক্ষণে উক্ত নিম্নের 'ক' তপশীল —






বর্ণিত সম্পত্তি অন্যের বিনা সংশ্রবে ও বিরুদ্ধ স্বত্বে উক্ত সন ১৯৪৩ সাল হইতে নিঃব্যূঢ় স্বত্বের মালিক দখলীকার স্বরূপে এজমালে ভোগবান ও দখলীকার আছি। এক্ষণে উক্ত নিম্নের তফশীল বর্ণিত সম্পত্তি আমাদের মধ্যে এজমালে একত্রে ও একযোগে ভোগদখল করা বিশেষ অসুবিধা জনক হওয়ায় এবং ভবিষ্যতে আমাদের ও আমাদের ওয়ারিশগণের মধ্যে গোলযোগ ও মনোমালিন্য নিবারণার্থে আমরা আমাদের উপরোক্ত নিম্নের তফশীল বর্ণিত সম্পত্তি আমাদের অংশানুযায়ী বাটোয়ারা করিয়া লইতে স্বীকৃত হইয়া আমাদের হিতৈষী আত্মীয় ও বন্ধু বান্ধবদের মধ্যস্থতায় উপযুক্ত সার্ভেয়ার ও ভ্যালুয়ার মহাশয়কে নিযুক্ত করিয়া তাহার দ্বারা সব জমিনে মাপযোখ করিয়া ও তাহার দ্বারা প্ল্যান প্রস্তুত করিয়া এবং তাহাদের পরামর্শ গ্রহণ করিয়া এবং আমরা নিজেরা উভয়েই বিশেষ ভাবে বিবেচনা করিয়া নিম্নের তফশীল বর্ণিত সম্পত্তি নিম্ন লিখিত রূপে নিয়মে ও সর্তে

বাধ্য থাকিয়া আপোষে চিহ্নিত বিভাগ বন্টন অনুযায়ী আমরা পক্ষগণ সু সু চিহ্নিত অংশ অন্যের সর্বব প্রকার স্বত্ব সম্বন্ধ রহিতে নিঃস্বার্থ স্বত্বে ষোল আনা রকমের মালিক স্বরূপে প্রাপ্ত হইয়া উক্ত মর্মে এই বন্টননামা দলিল সম্পাদন - পূর্বক উহার স্বীকার প্রদান ও প্রচার করিতেছি যে :---

১। নিম্নের ক তপশীলে বর্ণিত সম্পত্তিতে প্রথম পক্ষের ১/২ রকম অংশের বিনিময়ে নিম্নের ক তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে উত্তরাংশে অবস্থিত ·২৩ শতক হাল সরজমিনে মাপে কমবেশ ·২৯ শতক জমিতে বহু পুরাতন ও জীর্ণ দুই কামরা ঘর বাস্তু ও তৎ সংলগ্ন খিড়কির পুকুরের চিহ্নিত অংশ ও গাছ মায় সাজপাট সরঞ্জামাদি যাহা অত্র সংলগ্ন প্ল্যানে লাল রং এর দ্বারা সীমাবৃত করিয়া ব্লক নং "A" অক্ষর দ্বারা চিহ্নিত করিয়া প্রদর্শিত হইল এবং যাহা অত্র দলিলের 'খ' তপশীলে বিশদ রূপে বর্ণিত হইল উক্ত সম্পত্তি অত্র দলিলের প্রথম পক্ষ - শ্রী বলাই চন্দ্র দাস একাকেই নিঃস্বার্থ স্বত্বে প্রাপ্ত হইলেন এবং তিনি উক্ত সম্পত্তি দ্বিতীয় পক্ষের বিনা স্বত্ব সম্বন্ধে ও বিরুদ্ধ স্বত্ব দখলকার হইয়া উহাতে ষোল আনা রকমের মালিক স্বরূপে দান বিক্রয় বন্ধকাদি যাবতীয় হস্তান্তর - ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ক্রমে পরমসুখে স্বেচ্ছা ভোগদখল করিতে থাকিবেন তাহাতে দ্বিতীয় পক্ষ বা তাহার ওয়ারিশান কেহ কখনও - কোনও প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিবেন না করিলেও তাহা বাতিল নামঞ্জুর ও সর্বব আদালতে অগ্রাহ্য হইবে।

২। নিম্নের 'ক' তপশীল বর্ণিত সম্পত্তিতে দ্বিতীয় পক্ষের ১/২ রকম অংশের বিনিময়ে নিম্নের 'ক' তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে দক্ষিণাংশে অবস্থিত ·২৩ শতক হাল সরজমিনে মাপে কমবেশ ২৯ শতক জমিতে বহু পুরাতন ও জীর্ণ দুই কামরা ঘর বাস্তু ভিটা ও তৎ সংলগ্ন খিড়কির পুষ্করিণীর চিহ্নিত অংশ ও গাছ মায় সাজপাট

সরঞ্জামাদি যাহা অত্র সংলগ্ন প্ল্যানে নীল কালি এর দ্বারা সীমাকৃত করিয়া তৎ "B" অক্ষর দ্বারা চিহ্নিত করিয়া প্রদর্শিত হইল এবং যাহা অত্র দলিলের 'গ' তফসীলে বিশদরূপে বর্ণিত হইল উক্ত সম্পত্তি অত্র দলিলের দ্বিতীয় পক্ষ শ্রী কানাই লাল দাস একাকে নিঃব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন এবং তিনি উক্ত সম্পত্তি প্রথম পক্ষের বিনা স্বত্ব সম্পর্ক ও বিরুদ্ধ স্বত্বে স্বত্ববান হইয়া উহাতে ভোগ দখল স্বত্বের মালিক স্বরূপে দান বিক্রয় বন্ধকাদি যাবতীয় হস্তান্তরের ক্ষমতায় পুত্র পৌত্রাদি – ওয়ারিশানগণক্রমে যদৃচ্ছা ভোগদখল করিতে থাকিবেন তাহাতে প্রথম পক্ষ বা তাহার ওয়ারিশানগণ কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিবেন না করিলেও তাহা বাতিল নামঞ্জুর ও সর্ব আদালত কর্তৃক অগ্রাহ্য হইবে।

৩। বিভাগ কৃত সম্পত্তির মধ্যস্থলে যে পূর্ব পশ্চিমে প্রাচীর লাইন টানা আছে উক্ত লাইন অনুযায়ী দ্বিতীয় পক্ষ তাহার অংশে নিজ খরচায় প্রাচীর নির্মান করিয়া তাহার প্রাপ্ত সম্পত্তি পৃথক করিয়া লইবেন এবং তজ্জন্য যাহা কিছু খরচা হইবে তাহা তিনি নিজ তহবিল হইতে আদায় দিবেন।

৪। প্রথম পক্ষের প্রাপ্ত চিহ্নিত 'খ' তফসীলে বর্ণিত সম্পত্তিতে পায়খানা নাই। উক্ত পায়খানা দ্বিতীয় পক্ষের প্রাপ্ত অংশে বর্তমান আছে। দ্বিতীয় পক্ষ – প্রথম পক্ষকে বা তাহার পরিবারবর্গকে উক্ত পায়খানা অদ্য হইতে দুই বৎসর কাল ব্যবহার করিতে দিতে বাধ্য থাকিবেন এবং প্রথম পক্ষ উক্ত ২ বৎসর কাল সময় মধ্যে নিজ অংশে পায়খানা নির্মান করিয়া লইবেন এবং দুই বৎসর কাল পরে দ্বিতীয় পক্ষের প্রথম পক্ষকে পায়খানা ব্যবহার করিতে দিবার কোন দায় দায়িত্ব থাকিবে না।

৫। উপরোক্ত প্রকারে দ্বিতীয় পক্ষ শ্রী কানাই লাল দাস তাহার ব্যক্তিগত প্রয়োজনে সম্পূর্ণ নিজ খরচে তাহার অংশে প্রাপ্ত সম্পত্তিতে ইলেকট্রিক মিটার সার্ভিস গ্রহন করিয়াছিলেন এবং অদ্যাবধি তাহা বর্তমান আছে। তিনি উক্ত মিটার সার্ভিসের পূর্ণ মালিক। সুতরাং বন্টননামার পর ১ম পক্ষ শ্রী বলাই দাস যদি বিদ্যুত ব্যবহার করিতে প্রয়োজন বোধ করেন তবে তিনি সম্পূর্ণ পৃথক ভাবে তাহার অংশে ইচ্ছামত গ্রহন করিবেন ইহাতে ২য় পক্ষের কোন প্রকার আপত্তি থাকিবে না।

৬। খিড়কির পুষ্করিনী যাহা অত্র সংলগ্ন প্ল্যানে প্রদর্শিত হইল উক্ত পুষ্করিনী এক্ষণে ভরাট করা সম্ভব নয় সেকারন উহা প্ল্যানে বিভাগ কৃত হওয়া সত্ত্বেও প্রকৃত পক্ষে ভাগ করা সম্ভব নহে উক্ত পুষ্করিনীর জল উভয় পক্ষই নিজ নিজ সুবিধামত ব্যবহার করিতে পারিবে। উক্ত খিড়কির পুষ্করিনীর যে বাঁধা ঘাট ভগ্নাবস্থায় আছে তাহা প্রথম পক্ষের অংশে পড়িয়াছে কিন্তু তিনি অদ্য হইতে ২ বৎসর কাল দ্বিতীয় পক্ষকে উক্ত ঘাট ব্যবহার করিতে দিতে বাধ্য রহিলেন তবে ২ বৎসর কাল পরে উক্ত ঘাট দ্বিতীয় পক্ষকে ব্যবহার করিতে দিতে বাধ্য থাকিবেন না। তবে মৎস্যাদি চাষের জন্য অদ্য হইতে প্রথম তিন বৎসর উক্ত সম্পূর্ণ পুষ্করিনী প্রথম পক্ষের হেফাজতে থাকিবে তিনি উহাতে মৎস্যাদি চাষ করিবেন এবং মৎস্যাদি ধরিয়া বিক্রয় করিতে পারিবেন। পরবর্তী তিন বৎসর কাল দ্বিতীয় পক্ষ উপরোক্ত রূপে পুষ্করিনী ব্যবহার করিতে ও মৎস্যাদি চাষ করিবার হকদার হইবেন যতদিন না কোন পক্ষ উক্ত পুকুরে তাহার অংশ ভরাট করেন ততদিন পর্যন্ত উপরোক্ত প্রকারে দুইপক্ষ পালাক্রমে মৎস্যাদি চাষ করিতে পারিবেন। যদি কোন পক্ষ পুকুরে তাহার অংশ ভরাট করিতে চাহেন বা করেন তাহা হইলে অত্র ৬ দফার সর্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং অপর পক্ষ তাহাতে আপত্তি করিতে পারিবেন না।

৭। পক্ষদের মধ্যে বিভাগকৃত সম্পত্তির যে অংশ যে পক্ষ প্রাপ্ত হইলেন উক্ত পক্ষদের মধ্যে যদি কেহ কখনও তাহার অংশে প্রাপ্ত খালি জমি বাগান ঘরাদি বা পুষ্করিণীর অংশ বিক্রয় করিতে মনস্থ করেন তাহা হইলে তিনি অপরপক্ষকে বিক্রয় যোগ্য সম্পত্তির পরিমাণ ও বাজারোচিত মূল্য ধার্য্য করিয়া অপর পক্ষকে লিখিত ভাবে বিক্রয়ের প্রস্তাব করিবেন এবং তিনি যদি উক্ত সম্পত্তি বাজারোচিত ধার্য্য মূল্যে খরিদ করিবার ইচ্ছা লিখিত ভাবে জানান তাহা হইলে সেই — সম্পত্তি তাঁহাকেই বিক্রয় করিতে বাধ্য থাকিবেন কিন্তু যদি তিনি খরিদ করিতে অনিচ্ছা প্রকাশ করেন বা সাত দিবসের মধ্যে লিখিত ভাবে না জানান তাহা হইলে বিক্রয়েচ্ছুক পক্ষ অপর যে কোন ৩য় ব্যক্তিকে খরিদ্দাররূপে বিক্রয় করিতে হকদার হইবেন।

৮। বিভাগকৃত সম্পত্তির মূল দলিলাদি এবং অত্র বন্টননামা দলিল দ্বিতীয় পক্ষের হেফাজতে রহিল এবং তিনি প্রথম পক্ষের আবশ্যক মতে তাহার নিযুক্ত উকিল বাবুকে বা অন্য মতে আফিস আদালতে দাখিল করিতে বাধ্য থাকিবেন।

৯। উক্ত নিম্নের 'ক' তপশীলে বর্ণিত সম্পত্তির মূল্য ১২০০০্ বার হাজার টাকা ধার্য্য হওয়ায় প্রত্যেক পক্ষ উক্ত সম্পত্তির ১/২ রকম অংশ পাওয়ায় প্রত্যেক পক্ষ ৬০০০্ ছয় হাজার টাকা মূল্যের সম্পত্তি পাইয়া [illegible] হইয়াছেন।

১০। প্রথম পক্ষের প্রাপ্ত 'খ' তপশীলে বর্ণিত সম্পত্তির মূল্য ৬০০০্ ছয় হাজার টাকা এবং দ্বিতীয় পক্ষের প্রাপ্ত 'গ' তপশীলে বর্ণিত সম্পত্তির মূল্য ৬০০০্ টাকা ধার্য্য এবং স্থিরিকৃত হওয়ায় এবং বিভাগকৃত সম্পত্তি দুই সমানাংশে বিভাগ বন্টন হওয়ায় ৬০০০্ ছয় হাজার টাকা বাদে বাকী ৬০০০্ ছয় হাজার টাকার উপর উপযুক্ত রসুম প্রদানে অত্র দলিল সম্পাদিত হইল।

১১। পক্ষগণ অত্র দলিলের শর্ত ও নিয়ম মানিয়া লইলেন এবং আপোষে উক্ত বাঁটোয়ারা এবং ধার্য্যকৃত মূল্য মানিয়া লইলেন এবং ভবিষ্যতে কোন পক্ষই উক্ত বাঁটোয়ারা বা মূল্য সম্বন্ধে কোনরূপ আপত্তি করিতে পারিবেন না ।

১২। অত্র দলিলের শর্ত সমূহ পরস্পরের বিবেচনা মর্যাদানুক্রমান গুরুরূপে গণ্য হইবে এবং উহার যাবতীয় শর্তাদিতে পক্ষগণ পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণ ক্রমে বাধ্য থাকিবেন ।

১৩। অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি বা কোন প্রকার দোষ ত্রুটি থাকা – প্রযুক্ত অথবা পক্ষগণের প্রাপ্ত সম্পত্তির স্বত্ব সুষ্ঠু করণের নিমিত্ত কোনও – সংশোধিত দলিল করিবার আবশ্যক হইলে পক্ষগণ সর্বদা তাহার যাবতীয় খরচা সমানাংশে বহন করিতে সম্মত হইয়া উক্ত প্রকার দলিল সম্পাদন করিতে বাধ্য থাকিবেন ।

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তঃকরণে স্বেচ্ছায় আমরা বিনানুরোধে অত্র বন্টননামা পড়িয়া ও পড়াইয়া অত্র দলিলের মর্ম সম্যক রূপে অবগত হইয়া সন্তুষ্ট চিত্তে উহার শর্তাদিতে বাধ্য হইয়া পক্ষগণ আমরা উভয়েই অত্র বন্টননামা দলিল যথারীতি সহি সম্পাদন করিলাম । ইতি ইংরাজী সন ১৯৭৪ সালের ১১ই অক্টোবর মোতাবেক বাংলা সন ১৩৮১ সালের – ২৪ শে আশ্বিন

।ক। তফশীল

জেলা ২৪ পরগণার অন্তর্গত সাবরেজেষ্টরী ও থানা সোনারপুরের এলাকাধীন ২৫১ নং তৌজি ভুক্ত পরগনে মেদনমল্ল জে এল নং ৫৫ মৌজা রাজপুর গ্রামে – হাল রিভিসন্যাল সেটেলমেন্টের ২৭৪৩ নং খতিয়ানের ৫৯১ নম্বর দাগের –

•৪৬ শতক জমির ।।০ আনা রকম অংশে •২৩ শতক ও ২৭।।৪ নং খতিয়ানের ৫৯১ নং দাগের •৪৬ শতক জমির ।।০ আনা রকম অংশে •২৩ শতক বাস্ত জীর্ণ পুরাতন ৪ কামরা ভিটা ও তৎ সংলগ্ন খিড়কির পুকুর সাকুল্যে মোট •৪৬ শতক জমি যাহা – প্রথম ও দ্বিতীয় পক্ষের নামে যথাক্রমে রেকর্ড হইয়াছে বটে। সরজমিনে মাপে •৫৮ শতক পরিমাণ জমি হইতেছে । উক্ত সম্পত্তি রাজপুর মিউনিসিপ্যালিটির – এস বি দাস রোডের ৩৬ নং হোল্ডিং হইতেছে ।

**উহার চৌহদ্দি ঃ–**

| | |
|---|---|
| উত্তর ঃ– | দাগ নং ২৭৭ |
| পূর্ব ঃ– | দাগ নং ৫৯০ |
| দক্ষিণ ঃ– | দাগ নং ৫৯২ ও ৫৭৯ |
| পশ্চিম ঃ– | এস বি দাস রোড । |

মূল্য ১২০০০, বার হাজার টাকা ।

"খ" তপশীল

।। যাহা প্রথম পক্ষ বলাই চন্দ্র দাস প্রাপ্ত হইলেন ।।

উপরোক্ত ক তপশীলে বর্ণিত সম্পত্তির মধ্যে উত্তরাংশে অবস্থিত ২৩ তেইশ শতক হাল সরজমিনে মাপে কমবেশী ২৯ উনত্রিশ শতক জমি যাহার উপরিস্থিত বহু – পুরাতন ও জীর্ণ দুই কামরা ঘর ও তৎ সংলগ্ন খিড়কির পুকুরের চিহ্নিত অংশ ও পুকুর পাড় যাহা অত্র সংলগ্ন প্ল্যানে লাল রং এর দ্বারা সীমাকৃত করিয়া ব্লক নং "A" অক্ষর দ্বারা চিহ্নিত করিয়া প্রদর্শিত হইল । মূল্য ৬০০০, ছয় হাজার টাকা ।

"গ" তপশীল

।। যাহা দ্বিতীয় পক্ষ কানাই লাল দাস প্রাপ্ত হইলেন ।।

উপরোক্ত ক তপশীলে বর্ণিত সম্পত্তির মধ্যে দক্ষিণাংশে অবস্থিত

[illegible]

'২৩ তেইশ শতক হাল সরজমিনে মাপে কমবেশী '২৯ উনত্রিশ শতক জমি মায় উপরিস্থিত বহু পুরাতন জীর্ণ দুই কামরা একতালা ঘর পায়খানা ও ছৎ সমেত – নিম্নলিখিত পুকুরের চিহ্নিত অংশে ও পুকুর পাড় যাহা এর সংলগ্ন প্ল্যানে নীল রং এর দ্বারা সীমাকৃত করিয়া ব্লক নং "B." অক্ষর দ্বারা চিহ্নিত করিয়া প্রদর্শিত – হইল । মূল্য ৬০০০্ ছয় হাজার টাকা ।

ইসাদি :

[illegible]

টাইপ কারক –

[illegible]

Book ...... I
Volume No. ...... 191
Pages ...... 146 ...... 154
Being No. ...... 7134
for the year 1974

SEAL OF THE REGISTRAR U/S 7(2) ALIPORE

Registrar U/S 7 (2)

SEAL OF THE REGISTRAR U/S 7(2) ALIPORE

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
12-10-74